

জগত জুড়ে জাল ফেলেছিস
শ্যামা কি তুই জেলের মেয়ে।
(তোর) মায়ার জালে, মহামায়া,
বিশ্বভুবন আছে ছেয়ে ॥
পড়ে মা তোর মায়ার ফাঁদে
কোটি নরনারী কাঁদে,
তোর মায়া-জাল ততই বাঁধে
পালাতে যায় যতই ধেয়ে ॥
চতুর যে মীন সেই জনে না,
জাল থেকে যে মুক্তি আছে?
(তাই) জেলে যখন জাল ফেলে,
সে লুকায় জেলের পায়ের কাছে।
ও মা জাল এড়িয়ে তাই সে বাঁচে
তাই মা আমি নিলাম শরণ
তোর ও দুটি রাঙা চরণ,
(আমি) এড়িয়ে গেলাম মায়ার বাঁধন
মা তোর অভয় চরণ পেয়ে ॥